

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪

ফেব্রুয়ারী ১৪, ২০১১
তারিখ : -----
ফাল্গুন ০২, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

আমদানী অর্থায়নে সুদ হার নির্ধারণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৮, তারিখ-মে ০৬, ২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের মাধ্যমে নিত্য প্রয়োজনীয় পণ্যের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকরণকল্পে এবং এসব পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার নিমিত্তে ভোজ্য তেল (পরিশোধিত ও অপরিশোধিত), ছোলা, ডাল, মটর, পেঁয়াজ, মসলা, খেজুর, ফলমূল এবং চিনি আমদানী অর্থায়নে সুদের হার সর্বোচ্চ ১২% এ নির্ধারণ করা হয়।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক উল্লিখিত পণ্যসমূহের আমদানী অর্থায়নে ১২% এর অধিক হারে সুদ ধার্য করছে যা সার্কুলারে বর্ণিত নির্দেশনার সুস্পষ্ট লংঘন।

এমতাবস্থায়, উক্ত সার্কুলারে বর্ণিত নিত্যপ্রয়োজনীয় পণ্যসমূহের আমদানী অর্থায়নে সুদের সর্বোচ্চ হার ১২% এ নির্ধারণের বিষয়টি যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদের পরামর্শ দেয়া যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫